১৩

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 JUN 1997 ...
পৃষ্ঠা ১৬ কলাম ৩

# দিনাজপুর পলিটেকনিকে সন্ত্রাস ॥ এডিএম পুলিশসহ আহত ১৮

দিনাজপুর সংবাদদাতা ॥ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ডিপ্লোমা প্রকৌশলী চূড়ান্ত পর্বের ১ম পত্র পরীক্ষায় নকল ধরাকে কেন্দ্র করিয়া দিনাজপুর পলিটেকনিক ইন-

( ২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ )

## দিনাজপুর পলিটেকনিকে

(১ম পৃঃ পর)

ষ্টিটিউট কেন্দ্রে গতকাল বৃহস্পতিবার ব্যাপক সহিংস ঘটনাসহ শতাধিক ককটেল বিস্ফোরিত এবং এডিএম (ভারপ্রাপ্ত জেলা প্রশাসক)-এর গাড়ী ভস্মীভূত হইয়াছে।

উক্ত পরীক্ষা কেন্দ্রে এডিএম-সহ আরো ৩ জন ম্যাজিষ্ট্রেট কর্তব্যরত ছিলেন। এ সময় নকল ধরাকে কেন্দ্র করিয়া ছাত্ররা মারমুখী হইয়া উঠে এবং ব্যাপকভাবে হাত-বোমার বিস্ফোরণ ঘটাইয়া এবং এলোপাতাড়িভাবে ইট পাটকেল নিক্ষেপ করিয়া ত্রাস সৃষ্টি করে। বিক্ষুব্ধ ছাত্ররা এডিএম-এর গাড়ী জ্বালাইয়া দেয়। এই সময় এডি-এমসহ কর্তব্যরত ম্যাজিষ্ট্রেটগণ দৌড়াইয়া ৩০২ নং কক্ষে আত্ম-গোপন করেন। বিক্ষুব্ধ ছাত্ররা দরজা ভাঙ্গার চেষ্টা করিলে পুলিশ ৬ রাউণ্ড টিয়ার গ্যাস, ৬ রাউণ্ড রাইফেলের গুলী ও ৬ রাউণ্ড শর্ট গানের গুলী ছুড়িয়া তাহাদের উদ্ধার করিয়া লইয়া আসে। ছাত্রদের এলোপাতাড়ি বোমা ও ইটপাটকেলের আঘাতে ১৩ জন পুলিশ ও এডিএমসহ ৪ জন ম্যাজি-ষ্ট্রেট আহত হন। কড়া নিরাপত্তা-মূলক ব্যবস্থায় ২য় পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ১ম পত্র পরীক্ষা বাতিল করা হয়। এলাকায় পুলিশ মোতায়েন করা হইয়াছে। এ ডি এম বাদী হইয়া ১২ জনকে আসামী করিয়া কোতয়ালী থানায় মামলা দায়ের করিয়াছেন।